তারিখ 26 SEP 2017
পৃষ্ঠা ১৯ কলাম ১

# ঢাবি 'খ' ইউনিটে পাসের হার ১৬ দশমিক ৫৬ ভাগ

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) কলা অনুষদের অধীনে 'খ' ইউনিটে ২০১৭-১৮ সেশনে স্নাতক প্রথম বর্ষে ভর্তি পরীক্ষায় পাসের হার শতকরা ১৬ দশমিক ৫৬ ভাগ। গতকাল সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে কেন্দ্রীয় ভর্তি অফিসে আনুষ্ঠানিকভাবে এ ফল প্রকাশ করেন উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামান। প্রকাশিত ফলে দেখা যায়, অনুষদের ২ হাজার ৩৬৩টি আসনের বিপরীতে গত ২২ সেপ্টেম্বর অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় অংশ

■ পৃষ্ঠা ৪ : কলাম ২

## ঢাবি 'খ' ইউনিটে পাসের হার

[১৯ পৃষ্ঠার পর]

নেওয়া ৩১ হাজার ৩৩৬ জনের মধ্যে পাস করেছেন ৫ হাজার ১৮৮ জন। বিভিন্ন জটিলতায় বাদ যায় ৩টি উত্তরপত্র।

পরীক্ষার বিস্তারিত ফল ও ভর্তি প্রক্রিয়া সম্পর্কে বিশ্ববিদ্যালয়ের admission.eis.du.ac.bd ওয়েবসাইটে জানা যাবে। এ ছাড়া DU KHA লিখে roll no টাইপ করে ১৬৩২১ নম্বরে যে কোনো অপারেটরের মোবাইল ফোন থেকে এসএমএস পাঠিয়ে ফিরতি এসএমএসে ফল জানা যাবে। পাস করা সব শিক্ষার্থীকে আগামী ২৮ সেপ্টেম্বর বিকেল ৩টা থেকে ১০ অক্টোবর বিকেল ৩টা পর্যন্ত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে বিস্তারিত ফরম ও বিষয়ের পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। উত্তীর্ণ ছাত্রছাত্রীদের কোটার ফরম ২৬ সেপ্টেম্বর থেকে ৫ অক্টোবরের মধ্যে কলা অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে। ফল নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি দিয়ে ২৬ সেপ্টেম্বর থেকে ৫ অক্টোবরের মধ্যে কলা অনুষদের ডিন অফিসে আবেদন করা যাবে। 'খ' ইউনিটের বিষয় মনোনয়নের উদ্দেশ্যে ২২ অক্টোবর থেকে মৌখিক সাক্ষাৎকার শুরু হবে।

ফল প্রকাশ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঢাবি উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামান কলা অনুষদের ডিন ও 'খ' ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক আবু মো. দেলোয়ার হোসেন, যুগ্ম সমন্বয়কারী ও আইন অনুষদের ডিন অধ্যাপক মো. রহমত উল্লাহ, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক হাসিবুর রশীদ প্রমুখ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............................
তারিখ...............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর